

Trading Corporation of Bangladesh

TCB Bhaban, Kawran Bazar, Dhaka-1215

Phone : 8180071

FAX : 88-02-8180057

E-mail : tcb@tcb.gov.bd

Website : www.tcb.gov.bd



ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
ফোন : ৮১৮০০৭১
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০৫৭
ই-মেইল : tcb@tcb.gov.bd
ওয়েব সাইট : www.tcb.gov.bd




নং-২৬.০৫.০০০০.০০৮.০১৮.০০৮.২০১৭/ ৮২

তারিখঃ ২৭ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২০খ্রিঃ

অফিস আদেশ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, যৌথ স্বাক্ষরে ডি.ও লেটার ইস্যু, চেক স্বাক্ষর ও ব্যাংক হিসাব পরিচালনার বিষয়ে টিসিবি'র আঞ্চলিক কার্যালয় হতে কর্মকর্তা/কর্মচারীদের ক্ষমতায়নের জন্য প্রধান কার্যালয়ের অনুমোদন চাওয়া হচ্ছে। কিন্তু টিসিবি'র একাউন্টস ম্যানুয়ালের ৩৬ অনুচ্ছেদে এ বিষয়ে সুস্পষ্ট বিধান রয়েছে। টিসিবি'র একাউন্টস ম্যানুয়াল অনুসারে কর্মকর্তাদের সিগনেটরী বানানোর ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অনুমোদনের প্রয়োজন নেই, তবে শুধু কর্মচারীদের সিগনেটরী বানানোর ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অনুমোদনের প্রয়োজন রয়েছে। যেসব আঞ্চলিক কার্যালয়ে একাধিক কর্মকর্তা কর্মরত আছেন, সেসব কার্যালয়ে অফিস প্রধান ১ম স্বাক্ষরকারী এবং জ্যেষ্ঠতার ভিত্তিতে পরবর্তী কর্মকর্তাগণ ২য় ও ৩য় স্বাক্ষরকারী হবেন। যেসব আঞ্চলিক কার্যালয়ে একাধিক কর্মকর্তা কর্মরত নেই, সেসব আঞ্চলিক কার্যালয়ে অফিস প্রধান ১ম স্বাক্ষরকারী হবেন এবং কোন কর্মচারীকে ২য় বা ৩য় স্বাক্ষরকারী বানাতে হলে প্রধান কার্যালয়ের অনুমোদন নিতে হবে। অফিস প্রধান বদলী হলে অথবা অবসরে গেলে তিনি তাঁর স্থলাভিষিক্ত কর্মকর্তার সিগনেটরী পরিবর্তন সংক্রান্ত বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

এ আদেশ যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।


২০/৯/২০২০

(মোঃ এনামুল হক)

সচিব

ফোনঃ ৮১৮০০৬০

ই-মেইলঃ tcbsecretary@tcb.gov.bd

বিতরণঃ

- ১। প্রধান কর্মকর্তা (অর্থ ও হিসাব/সিএমএস ও এসএন্ডডি/বাণিজ্যিক), টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয়,
ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/মৌলভীবাজার/ময়মনসিংহ)।
- ৩। অফিস প্রধান, টিসিবি ক্যাম্প অফিস, (কুমিল্লা/মাদারীপুর/বগুড়া/বিনাইদহ)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা।
- ৩। উপ-সচিব, (সংস্থাপন ও প্রশাসন), টিসিবি, ঢাকা।